



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
অর্থ শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৩.৪০

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **NTRCA** কর্তৃক সুপারিশকৃত নতুন শিক্ষকদের এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **NTRCA**’র চতুর্থ নিয়োগ বিজ্ঞপ্তির সুপারিশের ভিত্তিতে শিক্ষকদের এমপিওভুক্তকরণের লক্ষ্যে বিভিন্ন মাদ্রাসা হতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের **MEMIS** সফটওয়্যারে আবেদন দাখিল করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে যে, অধিকাংশ মাদ্রাসার এমপিওশীটে শিক্ষক/কর্মচারীগণের বিষয় ও পদবি উল্লেখ নেই। যার ফলে নতুন শিক্ষকদের এমপিওভুক্তকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে। এমপিওশীটে সকল শিক্ষক-কর্মচারীর পদবি এবং বিষয় মুদ্রিত না থাকায় জনবল কাঠামো অনুযায়ী প্রাপ্যতা রয়েছে কী না তা নিশ্চিত হওয়া সম্ভব হচ্ছে না। নতুন শিক্ষকদের এমপিওভুক্তকরণে জটিলতা নিরসনের লক্ষ্যে ৩০০ টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঞ্জীকারনামা, বিদ্যমান এমপিওশীট, বেতন বিল, শিক্ষক-কর্মচারীর তালিকা এবং বিধি মোতাবেক পদবি ও বিষয় নির্ধারণপূর্বক মাদ্রাসার সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত সর্বশেষ এমপিওশীটের অনুরূপ কপি প্রয়োজন। ভুল/অসত্য তথ্য/ভুয়া সুপারিশ দিয়ে আবেদন না করার বিষয়ে সবাইকে সতর্ক করা হলো। কোন প্রতিষ্ঠানে ভুল/অসত্য তথ্য/ভুয়া সুপারিশ দিয়ে আবেদন করলে প্রতিষ্ঠানের এমপিও বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, **NTRCA** কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের এমপিওভুক্তকরণের লক্ষ্যে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর পরিশিষ্ট-“ঙ” তে নতুন এমপিও এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩০০ টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঞ্জীকারনামা, বিদ্যমান এমপিওশীট, বেতন বিল, শিক্ষক-কর্মচারীর তালিকা এবং বিধি মোতাবেক পদবি ও বিষয় নির্ধারণপূর্বক মাদ্রাসার সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত সর্বশেষ এমপিওশীটের অনুরূপ কপি অনলাইন এমপিও আবেদনের অগ্রায়ণপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: অঞ্জীকারনামার নমুনা কপি-০১ ফর্দ।

০১-১০-২০২৩

মো: জাকির হোসাইন

উপ-পরিচালক

৪১০৩০১৬৩

ddadmeb@gmail.com

সভাপতি/অধ্যক্ষ/সুপার, (সকল এমপিওভুক্ত মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৩.৪০/১ (৭)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব , সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। জেলা প্রশাসক (সকল) [তাঁর আওতাধীন সকল এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ];
- ৩। পরিচালক , পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
- ৪। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সকল কর্মকর্তা।উপপরিচালক প্রশাসনকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ। ;
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল) [তাঁর আওতাধীন সকল এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ];
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল) [আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ] এবং
- ৭। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



০১-১০-২০২৩

মোঃ লুৎফর রহমান  
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) অঙ্গীকারনামর সংযুক্তি